# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 29 June, 2025

শেরপুরের ঝিনাইগাতীতে ২০২৪-২৫ অর্থবছরের প্রোগ্রাম অন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন অ্যান্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রকল্পের আওতায় 'পার্টনার কংগ্রেস-২০২৫' অনুষ্ঠিত হয়েছে।রবিবার (২৯ জুন) সকালে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এ কংগ্রেসের আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।অনুষ্ঠানে সহযোগিতা করে বিশ্বব্যাংক, ইউএনডিপি ও আইএফএডি।

কংগ্রেসে সভাপতিত্ব করেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ ফরহাদ হোসেন।প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন শেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. সাখাওয়াত হোসেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, কৃষি উৎপাদন বৃদ্ধি, উন্নত জাতের সম্প্রসারণ, নিরাপদ খাদ্য সরবরাহ নিশ্চিতকরণ এবং কৃষিপণ্যের বাজার সম্প্রসারণের জন্য প্রান্তিক কৃষকদের তথ্যভিত্তিক সহায়তা নিশ্চিত করা জরুরি।তারা প্রযুক্তি ও কলাকৌশলের টেকসই প্রয়োগের ওপর গুরুত্বারোপ করেন।

এছাড়া বক্তব্য দেন শেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা প্রশিক্ষণ কর্মকর্তা শোয়েব আহমেদ, সহকারী শিক্ষক মো. রোস্তম আলী ও কৃষক মো. আব্দুল কাদির।

অনুষ্ঠানে সরকারি-বেসরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি, পিএফএস ও নন-পিএফএস কৃষক-কৃষাণী, উপসহকারী কৃষি কর্মকর্তা, এনজিও প্রতিনিধি এবং সাংবাদিকসহ শতাধিক স্টেকহোল্ডার অংশগ্রহণ করেন।

নিরাপদ ও পুষ্টিকর খাদ্য উৎপাদনে পার্টনার প্রকল্প সহায়ক ভূমিকা রাখবে।কৃষকের নিকট কৃষি-তথ্য পৌঁছানো এবং জলবায়ু সহনশীল কৃষি প্রযুক্তি ছড়িয়ে দেওয়া হবে।মাঠ পর্যায়ের কৃষক-কৃষাণীদের অংশগ্রহণে কার্যকর আলোচনার মাধ্যমে বাস্তবভিত্তিক পরিকল্পনা নেওয়া হয়।

এ কংগ্রেস স্থানীয় পর্যায়ে কৃষি উন্নয়ন পরিকল্পনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা।

কৃষি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খাদ্য

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 11:17

URL: https://www.timestodaybd.com/mymensingh/3967623919